

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

নভেম্বর/২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ বদরুল হাসান
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
সভার সময় ও তারিখঃ ০৯ নভেম্বর, ২০১৭; বেলা ১০:৩০ টা.
সভার স্থানঃ খাদ্য অধিদপ্তরের সভাকক্ষ।
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণীর উপর কোন প্রকার সংশোধনী কিংবা সংযোজনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম তুলে ধরার জন্য অতিরিক্ত পরিচালক (প্রশাসন) কে আহ্বান জানান। সভায় আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্র.নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারীর দপ্তর
১।	পরিদর্শন সংক্রান্ত	<p>ক) সভায় জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ৩ মাসের মধ্যে জেলার সকল এলএসডি পরিদর্শনের গত সভার সিদ্ধান্ত পর্যালোচনা করা হয় এবং দুই মাসের মধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক তার জেলার সকল এলএসডি পরিদর্শন করা সম্ভব মর্মে সকলে একমত হন। তাছাড়া সভায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ৬ মাসের মধ্যে বিভাগের সকল এলএসডি এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিনিয়ত আওতাধীন সকল এলএসডি পরিদর্শন করে প্রতিবেদন দেওয়ার উপর গুরুত্ব আরোপ করা হয়।</p> <p>খ) পরিচালক চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ সভায় জানান তিনি ময়মনসিংহ জেলা পরিদর্শনে দেখেছেন উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ সংশ্লিষ্ট রেকর্ডপত্র না দেখেই স্বাক্ষর করছেন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের পক্ষে অন্যরা স্বাক্ষর করছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অধিদপ্তরের সাথে পত্রালাপে পক্ষে স্বাক্ষর গ্রহণযোগ্য নয়। অধিদপ্তরের জারি করা নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক পাক্ষিক প্রতিবেদন পক্ষ শেষ হওয়ার দশ দিনের মধ্যে জমা দিতে হবে এবং এর ব্যত্যয় গ্রহণযোগ্য নয়।</p> <p>গ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ পরিদর্শনকালে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণের পরিদর্শন যথাযথভাবে সম্পন্ন হচ্ছে কি না তাও যাচাই করবেন এবং সে মতে ব্যবস্থা নিবেন। মাঠ পর্যায়ের সকল প্রতিবেদন অগ্রগামি হবার সময় পর্যায়ক্রমিকভাবে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তা দেখেছেন, যাচাই করেছেন এবং ঠিক আছে মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।</p>	<p>ক) জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ২ মাসের মধ্যে জেলার সকল এলএসডি ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ৬ মাসের মধ্যে বিভাগের সকল এলএসডি এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিনিয়ত তার আওতাধীন সকল এলএসডি পরিদর্শন করে প্রতিবেদন দিতে হবে।</p> <p>খ) i) খাদ্য অধিদপ্তরের সাথে যে কোন ধরনের পত্রালাপে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের পক্ষে কেউ স্বাক্ষর করতে পারবেন না।</p> <p>ii) পাক্ষিক প্রতিবেদন প্রতি পক্ষ শেষ হওয়ার ১০ দিনের মধ্যে প্রতি মাসের (১০ তারিখ ও ১৫ তারিখ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক যাচাই করে সঠিক আছে মর্মে প্রত্যয়ন করে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রতিবেদন দিতে হবে।</p> <p>গ) পরিদর্শন প্রতিবেদনে গুদামের রেকর্ডপত্র ঠিক আছে কি না/জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর পরিদর্শন সঠিক আছে কি না, তা আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ যথাসময়ে নিয়মিতভাবে যাচাই করবেন এবং সঠিক আছে মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।</p>	পরিচালক, (সকল)/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)/ জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

